শ্রীগৌরাঙ্গ অবতার।

প্রকাশক

শ্রীরজনীকান্ত শেঠ প্রভৃতি গৌরভক্তগণ।

ভাঙ্গামোড়া, হুগলি।

গৌরাব্দ ৪২৯।

মূল্য চারি আনা

কলিকাতা—৪৭-১নং শ্যামবাজার ষ্ট্রীট,
শ্রীগৌরাঙ্গ প্রেসে
শ্রীঅধরচন্দ্র দাস কর্ত্তৃক মুদ্রিত।

শ্রীশ্রীগৌরাঙ্গ উপাসনা

শ্রীযুক্ত রসিকমোহন বিদ্যাভূষণ লিখিত।

বহু পুণ্য ও সাধনার ফলে মানুষের হৃদয়ে ভগবদ্বিশ্বাস উপজাত হয়। স্থূল-জগতে বিশ্বাসস্থাপন স্থূল ইন্দ্রিয়জ্ঞানসাপেক্ষ। কিন্তু দিব্যজ্ঞান ব্যতীত অজড় অতীন্দ্রিয় পদার্থে বিশ্বাস জন্মে না। এই নিমিত্ত নাস্তিকের হৃদয়ে ভগবদ্বিশ্বাস হয় না, তাঁহারা ভগবানে বিশ্বাস স্থাপন করিতে অসমর্থ। আর এক শ্রেণীর জ্ঞানাভিমানী আছেন তাঁহারা সন্দেহবাদী। শ্রীভগবান্ আছেন কিনা, ইহা তাঁহাদের সন্দেহের বিষয়।

আবার আর এক শ্রেণীর ব্যক্তি নানা প্রকার যুক্তিতর্কের পরে কথঞ্চিৎ ভাবে বুঝিয়া লইয়াছেন, এক ব্রহ্ম আছেন, তিনি নিরাকার, চিৎস্বরূপ। ইঁহারা শ্রীভগবান্ মানেন না, শ্রীভগবানের তত্ত্বও বুঝেন না। আর এক শ্রেণীর ব্রাহ্ম আছেন, তাঁহারা ব্রহ্মের ভগবত্তা স্বীকার করেন, কিন্তু তাঁহার অবতারত্ব বা সাকারত্ব বুঝিতে অসমর্থ; অর্থাৎ ইঁহারা ব্রহ্মের গুণাদি স্বীকার করেন, কিন্তু ব্রহ্মের বিগ্রহত্ব ইঁহাদের জ্ঞানের মধ্যে স্থান প্রাপ্ত হন না। ব্রহ্ম দয়াময় বটেন, সর্ব্বশক্তিমান্ বটেন, লোকশিক্ষকও বটেন, ইচ্ছাময়ও বটেন, কিন্তু জীবগণের প্রতি অনুগ্রহ করিয়া জীবের মধ্যে স্বীয় রূপ প্রকটন করিতে পারেন না। আবার আর এক শ্রেণীর ভগবদ্বিশ্বাসী আছেন, তাঁহারা রামকৃষ্ণাদির ন্যায় শ্রীগৌরাঙ্গ মহাপ্রভুর ভগবত্তা স্বীকারে অপারগ।

ব্রহ্মবাদ নিরসন করিয়া শ্রীগৌরাঙ্গের ভগবত্তা স্থাপনের জন্য এ পর্য্যন্ত যথেষ্ট পর্য্যালোচনা হইয়াছে। তাহার ফলে অনেক নাস্তিক আস্তিক হইয়াছেন, অনেক ব্রাহ্ম হিন্দু হইয়াছেন, অনেক পাষণ্ড ভগবদ্ভক্ত হইয়া-

ছেন, অনেক ভিন্ন সম্প্রদায়ভুক্ত হিন্দু শ্রীগৌরাঙ্গচরণে দেহ মন প্রাণ সমর্পণ করিয়াছেন।

এই প্রবন্ধে আমরা নাস্তিক, পাষণ্ড, বৌদ্ধ, জৈন, খৃষ্টান, মুসলমান, ব্রাহ্ম, শৈব, শাক্ত, সৌর গাণপত্য বা গৌড়ীয় বৈষ্ণব সম্প্রদায়ের অপর বৈষ্ণবদিগের শ্রীগৌরাঙ্গে বিশ্বাসের কথা বলিব না। যাঁহারা গৌড়ীয় বৈষ্ণব সম্প্রদায়ের অন্তর্ভুক্ত অথবা শ্রীগৌরাঙ্গ মহাপ্রভুর ধ্যান পূজা অশাস্ত্রীয় বলিয়া মনে করেন—কেবল মনে করেন না, অন্যান্য লোক-দিগকেও এইরূপ উপদেশ প্রদান করেন, অথচ নিজকে গৌড়ীয় সম্প্রদায়ের প্রভু বা আচার্য্য বলিয়া স্বীয় গৌরবের ঘোষণা করেন, তাদৃশ ব্যক্তিদের সম্বন্ধেই আমাদের দুই একটী কথা বলিবার আছে।

১। শ্রীগৌরাঙ্গ মহাপ্রভুর ধ্যান পূজা না থাকিলে শ্রীমন্নিত্যানন্দ ও শ্রীমদদ্বৈতাদি প্রভুদেরও পাদ্যাদি দ্বারা পূজা উঠিয়া যায়। অদ্বৈতবংশ্য বা নিত্যানন্দবংশীয় দুই একটী গোস্বামিমহোদয় এই মতের পোষক বলিয়া শুনা যায়। কিন্তু অনেকেই ইহাতে বিশ্বাস স্থাপন করিবেন না। কেন না, জগতের লোক শ্রীভগবানের সিংহাসনে বসাইয়া তোমার পূর্ব্বপুরুষের অর্চ্চনা করিতে প্রস্তুত, আর তুমি কি বলিবে যে আমার পিতার পূজা হইতে পারে না। এ কথা শুনিলে লোকে কুলের কেমন সন্তান বলিবে তাহা সহজেই বুঝিতে পার। সুতরাং নিত্যানন্দবংশ্য ও অদ্বৈতবংশ্য কোন বুদ্ধিমান্ ও শাস্ত্রজ্ঞ ব্যক্তিই পঞ্চতত্ত্বের পূজা অস্বীকার করিতে পারেন না। বিশেষতঃ উহা লৌকিকী যুক্তির ও গৌড়ীয় গোস্বামিশাস্ত্রের বিরুদ্ধ।

২। শ্রীশ্রীগৌরাঙ্গ মহাপ্রভুর প্রকটাবস্থার সময় হইতেই তাঁহার সাক্ষাৎ শ্রীমূর্ত্তি ও শ্রীবিগ্রহ পূজিত হইয়া আসিতেছেন। শ্রীল অদ্বৈতপ্রভু পাদ্য অর্ঘ্য দ্বারা শ্রীগৌরবিগ্রহের পূজা করেন যথা :—

আইলা নির্ভয় পদ, হইয়া সম্মুখে।
নিখিল ব্রহ্মাণ্ড অপরূপ বেশ দেখে॥
জিনিয়া কন্দর্প কোটি লাবণ্য সুন্দর।
জ্যোতির্ম্ময় কনকসুন্দর কলেবর॥

কিবা নখ কিবা মণি না পারে চিনিতে।
ত্রিভঙ্গ বাজায় বাঁশী হাসিতে হাসিতে॥

বলা বাহুল্য শ্রীল অদ্বৈতপ্রভু যে উপাস্যরূপ সন্দর্শন করিয়াছিলেন, সে রূপ যে শ্রীকৃষ্ণ-গোবিন্দরূপ নহেন, উঁহা যে শ্রীগৌরগোবিন্দ রূপ—শ্রীচৈতন্য-ভাগবতের এই উক্তিই তাহার বিশিষ্ট প্রমাণ। শ্রীগৌরগোবিন্দরূপই তাঁহার পূজার বিষয় হইয়াছিলেন, তিনি গোরাচাঁদের কনককান্তি শ্রীচরণ সরোজ সন্দর্শন করিতে করিতে সেই শ্রীচরণেই পূজোপহার প্রদান করিয়াছিলেন। সেই শ্রীমুখ ও শ্রীচরণ যে "ফুল্লেন্দীবরকান্তিত্বে" পরিণত হইয়া শ্রীল অদ্বৈতের বহির্দৃষ্টি বা মানসদৃষ্টি সমক্ষে প্রতিভাত হইয়াছিল, কুত্রাপি তাহার পরিচয় বা প্রমাণ পাওয়া যায় না। অপরপক্ষে তিনি যে কনককান্তি প্রত্যক্ষ করিয়াছিলেন এবং সেই কনককান্তির চরণমূলেই পূজোপহার অর্পণ করিয়াছিলেন, তাহার প্রমাণ আছে, যথা—

পাইয়া প্রভুর আজ্ঞা পরম হরিষে।
চৈতন্য চরণ পূজে অশেষ বিশেষে॥

প্রথমে চরণ ধুই সুবাসিত জলে।
শেষে গন্ধে পরিপূর্ণ পাদপরে ঢালে॥

চন্দনে ডুবাই দিব তুলসী মঞ্জুরী।
অর্ঘ্যের সহিত দিলা চরণ উপরি॥

শ্রীল অদ্বৈতাচার্য্যের অর্চ্চনার সময় কনকসুন্দর শ্রীগৌরাঙ্গের শ্রীচরণযুগল যে কৃষ্ণবর্ণ ধারণ করিয়াছিল, এবং তিনি যে শ্রীভগবানের এই প্রত্যক্ষ গৌর-প্রকাশ অগ্রাহ্য ও অনাদর করিয়া কনককান্তির পরিবর্ত্তে কৃষ্ণ কান্তির চিন্তা করিয়াছিলেন, এ সম্বন্ধে কোনও যুক্তি প্রমাণ নাই। তিনি শ্রীগৌরাঙ্গ মহাপ্রভুর রূপের পূজা করিলেও ইঁহাকে তিনি কৃষ্ণ হইতে ভিন্ন দেবতা বলিয়া মনে মনে করেন নাই। তিনি শ্রীগৌরগোবিন্দ মূর্ত্তিরই পূজা করিয়াছিলেন। তদনুসারে গোবিন্দ প্রণামের প্রাচীন শ্লোকই পাঠ করিয়া প্রণত হইয়াছিলেন। শ্রীগৌরাঙ্গে তিনি পরমতত্ত্বের অভিনব আবির্ভাব স্পষ্টতঃই বুঝিয়াছিলেন এবং সেইরূপ বুঝিয়াছিলেন বলিয়াই তিনি কলিযুগের অভিনব উপাস্য দেবতাকে "শাস্ত্রদৃষ্টে পটলবিধানে" পূজা করিয়াছিলেন। শ্রীচৈতন্যভাগবতে লিখিত আছে :—

শাস্ত্রদৃষ্টে পূজা করে পটল বিধানে।

যদি পরমতত্ত্বের অভিনব আবির্ভাব-বিশেষ তাঁহা কর্ত্তৃক পরিদৃষ্ট না হইতেন, তবে তাঁহার পক্ষে শাস্ত্র পটল বিধানে দৃষ্টি করার প্রয়োজন হইত না।

শ্রীঅদ্বৈতপ্রভুই সর্ব্বপ্রথমে শ্রীগৌরকীর্ত্তন প্রচার করেন, যথা শ্রীচৈতন্য-ভাগবতে—

শুন ভাই সব এক কর সমবায়।
মুখ ভরি গাইব আমি শ্রীচৈতন্য তায়॥
আজি আর কোন অবতার গাওয়া নাই।
সব অবতার সার চৈতন্য গোঁসাই॥

পাঠকগণ দেখুন শ্রীল অদ্বৈত এখানে স্পষ্টতঃই বলিতেছেন,—

"সব অবতার সার চৈতন্য গোঁসাই।"

কীর্ত্তনটীও শুনুন ঃ—

শ্রীগৌরাঙ্গ নারায়ণ করুণা সাগর।
দীন দুঃখিতের বন্ধু মোরে দয়া কর॥

তখন ঃ—

নব অবতারের নূতন পদ শুনি।
উল্লাসে বৈষ্ণব সব করে হরিধ্বনি॥

শ্রীগৌরাঙ্গ কিরূপ প্রবল প্রভাবে তাঁহার এই সকল ভক্তগণের হৃদয় অধিকার করিয়া লইয়াছিলেন এই কথাগুলিতেই তাহার প্রমাণ পাওয়া যায়। তাঁহার প্রকট কালেই শ্রীমন্নরহরি, শ্রীমদ্ গৌরীদাস পণ্ডিত, জগদানন্দ পণ্ডিত, কাশীমিশ্র, কাশীশ্বর পণ্ডিত, রঘুনন্দন, ত্রিলোচন দাস, বাসুঘোষ, গদাধর দাস প্রভৃতি শ্রীশ্রীমহাভুর শ্রীবিগ্রহ পূজা করিতেন।

কৃষ্ণমিশ্র চরিতে সতীদেবী বলিতেছেন ঃ—

পণ্ডিত জগদানন্দ গৌর-ভক্তশূর।
কাশীমিশ্র নরহরি সরকার ঠাকুর॥
শ্রীরঘুনন্দন আর ত্রিলোচন দাস।
পুরুষোত্তম বাসুঘোষ আর কৃষ্ণদাস॥
পণ্ডিত গদাই আর দাস গদাধর।
শিবানন্দ বৈদ্য কর্ণপুর প্রেমাকর॥
এ সব মোহান্ত গৌর বিনা নাহি জানে।
তেঞি গৌরমন্ত্রে পূজে স্বতন্ত্র বিধানে॥
রুদ্র যামলোক্ত ধ্যান মন্ত্র অনুসারে।
বিধিমতে পূজয়ে গৌর বিশ্বম্ভরে॥

স্বয়ং শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়াও শ্রীগৌরমূর্ত্তি স্থাপন করিয়া তাঁহার ভজন-পরায়ণা ছিলেন। শিবানন্দ শ্রীগৌরগোপালমন্ত্রে দীক্ষিত ছিলেন।

পরম পণ্ডিত সার্ব্বভৌমের কথাও শুনুন যথা, শ্রীচৈতন্যচরিতামৃতে—

সার্ব্বভৌম হয় প্রভুর ভক্ত একতান।
মহাপ্রভু বিনা সেব্য নাহি জানে আন॥
শ্রীকৃষ্ণ-চৈতন্য শচীসুত গৌরধাম।
এই ধ্যান, এই জপ এই লয় নাম॥

উড়িষ্যার স্থানে স্থানে এখনও রাজাধিরাজ প্রতাপরুদ্রের স্থাপিত ও পূজিত শ্রীশ্রীমহাপ্রভুর শ্রীমূর্ত্তি দেখিতে পাওয়া যায়। খেতুরীতে ঠাকুর নরোত্তম শ্রীশ্রীগৌর-বিষ্ণুপ্রিয়া বিগ্রহের পূজা প্রতিষ্ঠিত করিয়া গিযাছেন, এই সকল বিবরণ আমরা ক্রমশঃ বিস্তর প্রকাশ করিব।

শ্রীভগবান্ যখন যেরূপে আবির্ভূত হয়েন, তদ্ভক্তগণ তাঁহার সেই-রূপকেই নিত্য বলিয়া তাঁহার অর্চ্চনা করেন। শাস্ত্র বলিতেছেন—

"যদাত্মিকো ভগবান্ তদাত্মিকা ব্যক্তিঃ।"

অর্থাৎ ভগবান্ যদাত্মক তাঁহার প্রকাশও তদাত্মক। শ্রীভগবান্ সচ্চিদানন্দ, তাঁহার প্রকাশ সচ্চিদানন্দ। শ্রীল অদ্বৈতপ্রভু যে "শ্রীগৌর ভগবান" সন্দর্শন করিয়া তাঁহার পূজা করেন, সে গৌররূপ নিত্যচিদানন্দ। এই নিত্য-চিদানন্দ শ্রীগৌরাঙ্গসুন্দর শত শত অবতারের বীজ, সুতরাং অবতারী। শ্রীচৈতন্যভাগবতে লিখিত আছে ঃ—

"এই গৌরচন্দ্র যবে জন্মিলা গোকুলে।"

এইস্থলে শ্রীগৌরাঙ্গেরই গোকুলে জন্মত্ব পরিপঠিত হইয়াছে। শ্রীচৈতন্য ভাগবতের মতে এই গৌরচন্দ্রকে নাগপত্নীগণ শ্রীকৃষ্ণরূপে দর্শন করিয়া ছিলেন, যথা ঃ—

কোটি কোটি নাগবধূ সজলনয়নে।
কৃষ্ণ বলি স্তুতি করে দেখে বিদ্যমানে॥

যিনি স্বয়ং ভগবানের অংশ, তিনি পূর্ণতত্ত্ব নহেন, তিনি শ্রীভগবানের পূর্ণরূপ ধারণেও অসমর্থ। এই কথাটা অন্যরূপেও বলা যায়। অর্থাৎ শ্রীভগবান্ যখন পূর্ণরূপে জগতে প্রকটিত হয়েন, তখন তাহাতে তাহার সকল রূপই পরিদৃষ্ট হয়, কিন্তু অংশে তাহা হয় না। শ্রীকৃষ্ণে মৎস্যাদি রূপ দৃষ্ট হইতে পারে, কিন্তু মৎস্যাদিরূপে শ্রীকৃষ্ণরূপ দৃষ্ট হইয়াছেন কিনা শুনিতে পাই নাই। যিনি পূর্ণ তাহাকে লোকে আংশিকভাবে দেখিতে পারে, অবার পূর্ণরূপেও দেখিতে পারে। শ্রীকৃষ্ণ সদাশিবরূপে ভক্তের নিকট প্রকাশিত হইতে পারেন, কিন্তু সদাশিব শ্রীকৃষ্ণরূপে প্রকাশিত হয়েন না ইহাই শাস্ত্র-সিদ্ধান্ত। শ্রীল অদ্বৈত শ্রীগৌরাঙ্গ সন্দর্শনে যে স্তব করিতেছেন, শ্রীচৈতন্যভাগবত হইতে এখানে তাহা উদ্ধৃত করা যাইতেছে :—

তুমি বিষ্ণু, তুমি কৃষ্ণ তুমি নারায়ণ।
তুমি মৎস্য তুমি কূর্ম্ম তুমি সনাতন॥
তুমি হে বরাহ, প্রভু তুমি হে বামন।
তুমি কর যুগে যুগে বেদের পালন॥
তুমি রক্ষঃ-কুলহন্তা জানকী জীবন।
তুমি গুহ-বরদাতা অহল্যা মোচন॥
সঙ্কীর্ত্তন আরম্ভে তোমার অবতার।
অনন্ত ব্রহ্মাণ্ডে তোমা বই নাহি আর॥

সুতরাং শ্রীগৌরাঙ্গে যে কেহ কেহ তদভিন্ন শ্রীকৃষ্ণরূপ দর্শন করিতেন ইহা বিচিত্র নহে কিন্তু তথাপি তাঁহার গৌরত্ব তাঁহাদেরও দার্শনিক প্রত্যক্ষের অবিষয়ীভূত হন নাই। কাজেই শ্রীগৌরাঙ্গের পৃথক্ ধ্যান অনিবার্য্য ও

অপরিহার্য্য। "অন্তঃকৃষ্ণং বহির্গৌরং" পদ্যে যে কৃষ্ণ ও গৌর দুইটী বর্ণবাচি বিশেষণ আছে, তাহা ভগবানেরই স্বরূপ-প্রকাশক। শ্রীগৌর ভগবানের গৌররূপ মায়িক নহেন। সুতরাং গৌরমূর্ত্তির ধ্যান কে অস্বীকার করিতে পারে? কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে কেহ কেহ কনকগৌর-মূর্ত্তি সম্মুখে রাখিয়া "ফুল্লেন্দীবর কান্তিং" ধ্যানে তাহার পূজা করেন' এরূপ "ফার্স" বা প্রহসন কেবল উপহাসাস্পদ নহে, ভগবদ্‌বিগ্রহের স্পষ্টতঃই অবমাননাজনক।

শ্রীল অদ্বৈত অঙ্গুলী উত্তোলন করিয়া শ্রীগৌরচরণকমল লক্ষ্য করিয়া বলিতেছেন :—

এই তোর দুইখানি চরণ কমল।
ইহারি সে রসে গৌরীশঙ্কর বিহ্বল॥
এই সে চরণ রমা সেবে এক মনে।
ইহারি সে যশ গায় সহস্র বদনে॥
এই সে চরণ ব্রহ্মা পূজয় সদায়।
শ্রুতি স্মৃতি পুরাণে ইহারি তত্ত্ব গায়॥

দয়াময় শ্রীগৌরসুন্দর ভক্তের স্তবে প্রীত হইলেন তখন তিনি শ্রীঅদ্বৈতের মস্তকে চরণ তুলিয়া দিলেন, যথা শ্রীচৈতন্যভাগবতে :—

সর্ব্বভূত অন্তর্য্যামী শ্রীগৌরাঙ্গ রায়।
চরণ তুলিয়া দিলা অদ্বৈত মাথায়॥
চরণ অর্পণ শিরে করিলা যখন।
জয়জয় মহাধ্বনি হইল তখন॥

প্রভু বলিলেন, অদ্বৈত বর লও। অদ্বৈত বলিলেন, প্রভু কৃতার্থ হইয়াছি, আর কি বর চাহিব। তখন শ্রীগৌরাঙ্গসুন্দর আপন মন্তব্য প্রকাশ করিয়া বলিলেন :—

মাথা ঢুলাইয়া বলে প্রভু বিশ্বম্ভর।
তোমার নিমিত্ত আমি হইনু গোচর॥
ঘরে ঘরে করিমু কীর্ত্তন পরচার।
মোর যশে নাচে যেন সকল সংসার॥
ব্রহ্ম ভব নারদাদি যারে তপ করে।
হেন ভক্তি বিলাইমু বলিল তোমারে॥

আরও শুনুন,—

নিরন্তর সবার মন্দিরে প্রভু যায়।
চতুর্ভুজ ষড়্ভুজাদি বিগ্রহ দেখায়॥
মৎস্য কূর্ম্ম বরাহ বামন নরসিংহ।
ভাগ্য অনুরূপ দেখে চরণের ভৃঙ্গ॥
কোনদিন উদ্ধব অক্রুর ভাব হয়।
কোনদিন রাম ভাবে মদিরা যাচয়॥
কোনদিন চতুর্ম্মুখ ভাবে বিশ্বম্ভর।
ব্রহ্মা স্তব পড়ি পড়ে বিশ্বের উপর॥
শঙ্করের গুণ শুনি প্রভু বিশ্বম্ভর।
হইলা শঙ্কর মূর্ত্তি দিব্য জটাধর॥

সুতরাং শ্রীগৌরাঙ্গ যে সর্ব্বাবতারের বীজ ও সর্ব্বাবতারী তাঁহার লীলা পাঠে তাহা সকলেই বুঝিতে পারেন। তিনি যে ষড়্ভুজমূর্ত্তি প্রকটন করিয়াছিলেন, শ্রীমন্নিত্যানন্দ তাহা দেখিয়া বিস্মিত হইয়াছিলেন। সেই ষড়্ভুজমূর্ত্তি কিরূপ, শ্রীপাদ সার্ব্বভৌম ভট্টাচার্য্যের কৃপায় এখনও পুরী-ধামে তাঁহার প্রতিচ্ছবি বর্ত্তমান। শ্রীরামমূর্ত্তি ও শ্রীকৃষ্ণমূর্ত্তির পরিচয় শ্রীগৌরাঙ্গের এই আবির্ভাব-বিশেষে সুস্পষ্ট ভাবেই প্রকাশিত। শ্রীকৃষ্ণ মূর্ত্তিও মহাবতারী শ্রীগৌররূপের অন্তর্নিবিষ্ট।

আবার চন্দ্রশেখরের আলয়ে তিনি রুক্মিণীরূপ দুর্গারূপ ও রাধারূপ প্রকাশ করেন। তাঁহার দেবমূর্ত্তির বিবরণ শ্রীচৈতন্যভাগবতে সর্ব্বশেষ বর্ণিত হইয়াছে।

আর এক দিনের কথাও শুনুন, একদিন গোপীভাবে নৃত্য করিয়া অদ্বৈত প্রমত্ত হইয়াছেন। মহাপ্রভু তাহা দেখিয়া উঁহার হাতে ধরিয়া লইয়া বিষ্ণুঘরে প্রবেশ করিলেন এবং অতি সন্তুষ্ট হইয়া বলিলেন, "অদ্বৈত তুমি কি চাও।" অদ্বৈত বলিতেছেন, যথা শ্রীচৈতন্যভাগবতে ঃ—

অদ্বৈত বোলয়ে "তুমি সর্ব্ববেদসার।
তোমারেই চাহো প্রভু কি চাহিব আর॥"
হাসি বোলে প্রভু "আমি এইত সাক্ষাৎ।
আর কি আমারে চাহ বোলহ আমাত॥"
অদ্বৈত বোলয়ে "প্রভু কহিলা সুসত্য।
এই তুমি প্রভু সর্ব্ব বেদান্তের তত্ত্ব॥
তথাপিহ বিভব দেখিতে কিছু চাই।"
প্রভু বলে "কি ইচ্ছা বোলহ মোর ঠাঁই॥"

শ্রীপাদ অদ্বৈত তখন ভগবদ্গীতোক্ত বিশ্বরূপমূর্ত্তি দর্শনের ইচ্ছা প্রকাশ করিলেন, বাঞ্ছাকল্পতরু তখনই শ্রীঅদ্বৈতের সেই বাঞ্ছা পূর্ণ করিয়াছিলেন।

এই সকল লীলা দ্বারা স্পষ্টতঃই প্রতিপন্ন হইতেছে, শ্রীগৌরাঙ্গ পূর্ণতম তত্ত্ব। শ্রীগৌরবিগ্রহ মায়িক নহেন, ভক্তবাঞ্ছা পূর্ণ করার জন্য এইরূপ প্রকটন করেন। তাঁহার অংশ ও কণাসমূহও পাদ্যাদি দ্বারা পূজিত হয়েন, নৃসিংহ বামনাদির মন্ত্রপূজা আছে, আর এই সর্ব্ব-অবতারের বীজ শ্রীশ্রীমহাপ্রভুর শ্রীবিগ্রহ ধ্যানমন্ত্র পূজার অনর্হ, এ কথা অজ্ঞ মূর্খের উক্তি ভিন্ন আর কি হইতে পারে ?

শ্রীমন্মহাপ্রভু নিজেই তাঁহার শ্রীগৌরমূর্ত্তির পূজা স্থাপন করিয়া

গিয়াছেন, প্রথমতঃ আমরা শ্রীপাদ গৌরীদাস পণ্ডিতের প্রাপ্ত শ্রীমূর্ত্তির কথা পাঠকগণের সমক্ষে উপস্থাপিত করিতেছি।

গৌরীদাস পণ্ডিত ব্রজলীলার সুবল সখা, কৃষ্ণগত প্রাণ। গৌরলীলার রসাস্বাদ করার জন্য ইনি গৌরীদাসরূপে অবতীর্ণ হয়েন। এক দিবস শ্রীগৌর-নিত্যানন্দ ইঁহার আলয়ে উপস্থিত হইলেন। শ্রীগৌরনিত্যানন্দ যেমন গৌরীদাসের গৃহে প্রবেশ করিলেন, আর অমনি গৌরীদাস পণ্ডিত ঘরের দ্বার-সম্মুখে বসিয়া পড়িলেন, বলিলেন, এখন তোমাদিগকে আপন ঘরে পাইয়াছি, প্রাণ থাকিতে আর তোমাদিগকে কোথাও যাইতে দিব না। মহাপ্রভু পালাইবার পথ পাইলেন না, অবরুদ্ধ হইলেন। এখন উপায় কি? মহাপ্রভু এই স্থানে শ্রীগৌরনিত্যানন্দমূর্ত্তি প্রকটন করিয়া গৌরীদাসের সেবার নিমিত্ত রাখিয়া যান। গৌরীদাসের তখন সেই শ্রীমূর্ত্তি ও স্বীয় মূর্ত্তির কোনও বিভিন্নতা জ্ঞান ছিল না। যাহা হউক, মহাপ্রভু নিজেই যে তাঁহার শ্রীমূর্ত্তির সেবার জন্য গৌরীদাসের প্রতি আদেশ করিয়াছিলেন এ সম্বন্ধে একটি প্রাচীন পদ আছে, যথা :—

ঠাকুর পণ্ডিতের বাড়ী, গোরা নাচে ফিরি ফিরি,
নিত্যানন্দ বলে হরি হরি।
কান্দি গৌরীদাস বলে, পড়ি প্রভুর পদতলে,
কভু না ছাড়িবে মোর বাড়ী॥
আমার বচন রাখ, অম্বিকা নগরে থাক,
এক নিবেদন তুয়া পায়।
যদি ছাড়ি যাবে তুমি, নিশ্চয় মরিব আমি,
এই নিবেদন তুয়া ঠাঁয়॥
তোমরা যে দুটি ভাই, থাক মোর এই ঠাঞি,
তবে সবার হয় পরিত্রাণ।

পুন নিবেদন করি, না ছাড়িহ গৌরহরি,
তবে জানি পতিতপাবন ॥
প্রভু কহে গৌরীদাস, ছাড়হ এমন আশ,
প্রতিমূর্ত্তি সেবা করি দেখ।
তাহাতে আছিলা আমি, নিশ্চয় জানিহ তুমি,
সত্য মোর এই বাক্য রাখ ॥
কহে দীন কৃষ্ণদাস, চৈতন্য চরণে আশ,
দুই ভাই রহিল তথায়।
ঠাকুর পণ্ডিতের প্রেমে, বন্দী হ'লো দুইজনে,
ভকত বৎসল তেঞী গায় ॥

যদি তাঁহার স্বীয় শ্রীমূর্ত্তি পূজন তাঁহার অনভিপ্রেত হইত, তিনি কথনও শ্রীপাদ গৌরীদাসকে পূজনার্থ স্বীয় মূর্ত্তি প্রদান করিতেন না। আর যদি শ্রীকৃষ্ণের ধ্যান মন্ত্রে শ্রীগৌরাঙ্গমূর্ত্তি পূজা করাই তাঁহার অভিপ্রেত হইত, তবে তিনি সেই গৌরমূর্ত্তিই বা রাখিয়া গেলেন কেন? শ্রীকৃষ্ণমূর্ত্তি রাখিয়া গেলেই তো হইত?

শ্রীগৌরমূর্ত্তি স্বীকার করিলে তাঁহার পৃথক্ ধ্যান পৃথক্ মন্ত্র অবশ্যই মানিতে হয়। শ্রীগৌরমূর্ত্তি যদি স্বীকার কর, তবে সেই মূর্ত্তির ধ্যান অবশ্যই স্বীকার্য্য। যদি তাঁহার গৌরমূর্ত্তির ধ্যান না থাকে তবে এই মূর্ত্তি, অর্চ্চনার্থ গৌরীদাসকে তিনি প্রদান করিতেন কি? গৌরীদাস গৌরমূর্ত্তি পূজনের যে ভার পাইলেন, ইহা শ্রীগৌরাঙ্গের স্বয়ং আজ্ঞা, ইহা স্বয়ং শ্রীমুখেরই বিধি, ইহার উপরে আবার কথা কি?

ঐতিহ্য-প্রমাণ দ্বারা প্রদর্শিত হইয়াছে, মহাপ্রভুর পার্ষদগণও তাঁহার শ্রীগৌর-বিগ্রহের ধ্যান মন্ত্রে পূজা করিতেন এবং এইরূপ উপাসনায় স্পষ্টতঃই স্বয়ং ভগবান্ শ্রীগৌরসুন্দরের অনুমতি ছিল। আমরা ঐতিহ্য-প্রমাণের

আর বহুল বিস্তার করিব না। দুই একটী কথার উল্লেখ করিয়াই এ সম্বন্ধে অন্য কথা বলিব।

পাঠক মহোদয়গণের অবিদিত নহে যে, পণ্ডিত কাশীশ্বর শ্রীশ্রীমহাপ্রভুর অন্তরঙ্গ ভক্ত ছিলেন। তিনি শ্রীগৌরসুন্দরকেই একমাত্র উপাস্য মনে করিতেন, তাঁহার শ্রীচরণ পূজাই তিনি সর্ব্ব-পুরুষার্থের সার বলিয়া মনে করিতেন, তাঁহার শ্রীচরণ ছাড়িয়া আর কোথাও থাকিতে পারিতেন না।

এদিকে শ্রীরূপগোস্বামী শ্রীবৃন্দাবনে শ্রীশ্রীমহাপ্রভুর উপদেশ প্রচার করিতে বদ্ধপরিকর হইয়াছেন, শ্রীকৃষ্ণগোবিন্দ ভিন্ন শ্রীগৌরগোবিন্দের ভাব ব্রজবাসীদের হৃদয়ে উপস্থাপিত করা সম্ভবপর নহে। বিশেষতঃ শ্রীগৌরাঙ্গবিগ্রহ যে "সদোপাস্য" ইহা মনে করিয়াও তিনি শ্রীবৃন্দাবনে শ্রীগৌরগোবিন্দের শ্রীমূর্ত্তি প্রতিষ্ঠিত করিলেন। কিন্তু এই শ্রীবিগ্রহের সেবাধিকারী কাহাকে নিযুক্ত করিবেন তাহার মীমাংসা সাব্যস্ত করিতে না পারিয়া শ্রীশ্রীমহাপ্রভুর নিকট নীলাচলে এ সম্বন্ধে পত্র লিখিলেন। পরম কারুণিক মহাপ্রভু পণ্ডিত কাশীশ্বরকে বলিলেন, শ্রীরূপ শ্রীগোবিন্দসেবা প্রতিষ্ঠিত করিয়াছেন, সেবাধিকারী কাহাকে করিবেন স্থির করিতে না পারিয়া আমাকে পত্র লিখিয়াছেন। আমার মনে হইতেছে, তুমিই উপযুক্ত পাত্র। তুমি যাইয়া সেবাভার গ্রহণ কর।

কাশীশ্বর বলিলেন, আমি তোমার সেবা ফেলিয়া অন্য সেবা করিতে পারিব না। আমার মন কেবল তোমার বিগ্রহই অধিকার করিয়া বসিয়াছেন। ইঁহাকে ছাড়িয়া আমি অন্য কোন বিগ্রহ সেবায় অসমর্থ। শ্রীগৌরাঙ্গসুন্দর বলিলেন, তোমার এই তো একমাত্র বাধা, আর তো কিছু নয়? কাশীশ্বর নীরব হইলেন। মহাপ্রভু বলিলেন, তোমার এ বিরহ আমি দূর করিতেছি। মহাপ্রভু এই বলিয়া সহসা তাঁহার সম্মুখে এক শ্রীগৌরগোবিন্দমূর্ত্তি প্রকটন করিয়া দিয়া বলিলেন, "এই লও কাশীশ্বর

আমার অভিন্ন মূর্ত্তি।” কাশীশ্বর অবনত মস্তকে অপরাধীর ন্যায় প্রভুর সম্মুখে দণ্ডায়মান ছিলেন। প্রভুর কথায় মস্তক কিঞ্চিৎ উত্তোলন করিয়া সলজ্জ ও সাশ্রুনয়নে প্রভুর হস্তের দিকে তাকাইয়া দেখিলেন, প্রভুর এক অভিন্ন কলেবর তাঁহার হস্তে বিরাজমান। কাশীশ্বর স্তম্ভিত হইলেন, মূর্চ্ছিত-প্রায় হইলেন।

শ্রীশ্রীমহাপ্রভু বলিলেন, কাশীশ্বর ধর এই শ্রীগৌরগোবিন্দ মূর্ত্তি লইয়া তুমি শ্রীবৃন্দাবনে যাও। শ্রীরূপের মনের বাসনা পূর্ণ হইল। তিনি এই ভাবে ভাবিত হইয়াই আমার নিকট গোবিন্দসেবার অধিকারী চাহিয়া-ছিলেন। তাঁহার সে অভাব পূর্ণ হইল। তোমার বিরহও দূর হইল, তুমি আমাকে লইয়া শ্রীবৃন্দাবনে যাও, সেখানে আমার সেবা করিও।

পণ্ডিত কাশীশ্বর গ্রহাভিভূতের ন্যায় শ্রীগৌরগোবিন্দবিগ্রহ লইয়া গিয়া শ্রীরূপগোস্বামীর হস্তে সমর্পণ করিলেন। শ্রীরূপ সে শ্রীমূর্ত্তি দেখিয়া বিহ্বল বিস্মিতভাবে উচ্ছ্বসিত আনন্দে অশ্রুসিক্ত হইয়া বলিলেন, “ভক্তবাঞ্ছাপূর্ণ-কারিন্, ভক্তের চিরসুহৃদ্, প্রাণের প্রত্যক্ষ দেবতা কৃপাময় সর্ব্বজ্ঞ, তুমি আমার মনের কথা চিরদিনই জান, তোমার উপাসনা আমার প্রাণের প্রধানতম আকাঙ্ক্ষা। তুমি তোমার ঐ শ্রীগৌররূপে আমার হৃদয় আলোকিত করিয়াছ, আকৃষ্ট করিয়াছ, অধিকার করিয়া লইয়াছ, আমি ধ্যানে ধ্যানে তোমায় ভাবিতেছিলাম, প্রাণে প্রাণে তোমায় চাহিতেছিলাম, মনে মনে তোমাকে ডাকিতেছিলাম, তুমি আমার হৃদয়ের দেবতা, তুমি নাথ সর্ব্বজ্ঞ, আমার প্রাণের কোন ভাবই তোমার অজানা নহে। আমার প্রাণ অহর্নিশ তোমায় চায়। তুমি দয়াময় শ্রীবিগ্রহ রূপে এসেছ, আমার প্রতি তোমার যে অসীম কৃপা তাহার পরিচয় দিয়েছ। তবে এস, মনের সাধে মন্দির প্রস্তুত করিয়াছি, শ্রীগোবিন্দদেব স্থাপন করিয়াছি, এস একবার শ্রীগৌর-রূপে শ্রীমন্দির আলোকিত কর। আমি তোমাকে ভাবিয়া তোমার নাম

করিয়া কত দিনযামিনী নয়নজলে পথে পথে পাগলের ন্যায় ছুটিয়াছি, নিশীথে সকল লোক ঘুমাইয়া পড়ে, আমার চক্ষে নিদ্রা নাই, আমি কেবল তোমাকে ভাবি আর নয়নজলে বক্ষ ভাসাইয়া বলি—

সুরেশানাং দুর্গং গতিরতিশয়েনোপনিষদাং,
মুনীনাং সর্ব্বস্বং প্রণতপটলীলাং মধুরিমা।
বিনির্য্যাসঃ প্রেম্নো নিখিলপশুপালাম্বুজদৃশাং,
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্॥

ভক্তবাঞ্ছাকল্পতরু, আজ তুমি দেখা দিয়াছ, তবে এস, তোমার আদেশে তোমার দাস তোমার সেবার জন্য যে শ্রীমন্দির নির্ম্মাণ করিয়াছে, চল একবার সেই শ্রীমন্দিরে চল।"

এই বলিয়া শ্রীরূপগোস্বামি-প্রভৃতি গোস্বামিগণ শ্রীগৌরনামকীর্ত্তন করিতে করিতে শ্রীমন্দিরে শ্রীগোবিন্দদেবের দক্ষিণে শ্রীগৌরগোবিন্দমূর্ত্তি প্রতিষ্ঠিত করিলেন। পণ্ডিত কাশীশ্বর দুই শ্রীবিগ্রহের সেবায় নিযুক্ত হইলেন। শ্রীরূপগোস্বামীর মনোবাঞ্ছা এইরূপে শ্রীগৌর-ভগবান্ পূর্ণ করিলেন। স্বয়ং মহাপ্রভু শ্রীহস্তে শ্রীকাশীশ্বরকে নিজের মূর্ত্তি দিয়া তাঁহার পূজা করিতে অনুমতি করিলেন।

শ্রীখণ্ডে শ্রীমন্নরহরি ঠাকুর মহোদয়ের প্রতিষ্ঠিত শ্রীশ্রীগৌরবিগ্রহের অর্চ্চন সম্বন্ধে কাহারও অবিদিত নাই। নবদ্বীপে স্বয়ং শ্রীবিষ্ণুপ্রিয়া দেবী শ্রীগৌরাঙ্গের শ্রীমূর্ত্তি স্থাপন করিয়া তাঁহার অর্চ্চনা করিতেন, ইহার পরে আর কথা কি? এ সকলই শ্রীমহাপ্রভুর অনুমোদিত।

শ্রীশ্রীমহাপ্রভুর অপ্রকটের পরে শ্রীনিবাস আচার্য্য প্রভু গৌড়দেশে বৈষ্ণবশাস্ত্র প্রচার করেন। ইনি মহাপ্রভুর প্রিয়-পার্ষদ শ্রীপাদ গোপাল ভট্টের সাক্ষাৎ শিষ্য এবং শ্রীজীব ইঁহার শিক্ষাগুরু। শ্রীজীব গোস্বামীর রচিত গ্রন্থ ইনি শ্রীজীবের নিকটে অধ্যয়ন করেন, ভজনরীতি ও উপাসনা

প্রণালী সম্বন্ধেও তাহারই নিকটে উপদেশ প্রাপ্ত হয়েন। শ্রীল নরোত্তম ইঁহার অন্তরঙ্গ সহচর। তিনিও শ্রীবৃন্দাবনের জগদারাধ্য গোস্বামিগণের চরণান্তিকে সুদীর্ঘকাল অবস্থান করিয়া গোস্বামিশাস্ত্র অধ্যয়ন করেন এবং ভজন মুদ্রার উপদেশ প্রাপ্ত হয়েন। এই নরোত্তম শ্রীবৃন্দাবন হইতে প্রত্যাবর্ত্তন করিয়াই খেতুরীতে শ্রীগৌর-বিষ্ণুপ্রিয়া-মূর্ত্তি সংস্থাপন করেন। এই ব্যাপারে অধ্যক্ষ হইয়াছিলেন শ্রীনিবাস আচার্য্য প্রভু। এই শ্রীবিগ্রহ স্থাপনরূপ মহা মহোৎসবে শ্রীজাহ্নবা গোস্বামিনী, শ্রীমন্নিত্যানন্দনন্দন বীরভদ্র, শ্রীমদ্ অদ্বৈততনয় কৃষ্ণমিশ্র, শ্রীখণ্ডের শ্রীল রঘুনন্দন প্রভৃতি গৌরভক্ত মাত্রেই যোগদান করিয়াছিলেন, এখনও শ্রীপাঠ খেতুরীতে শ্রীগৌর-বিষ্ণু-প্রিয়া পূজিত হইতেছেন।

ফলতঃ এই সময়ে গৌড়ীয় বৈষ্ণবমাত্রেই শ্রীগৌর-অর্চ্চনা করা একান্ত কর্ত্তব্য মনে করিতেন। তখনও বৈষ্ণবগণের হৃদয় ছিল, তখনও বৈষ্ণবগণের প্রাণ ছিল, তখনও বৈষ্ণবগণের প্রাণে বল ও সজীবতা ছিল, তখনও বৈষ্ণবসমাজ পণ্ডিতশূন্য হন নাই, তখনও গৌরবিদ্বেষসূচক কোন কথা শুনিলে গৌড়ীয় বৈষ্ণবগণ সিংহবিক্রমে তাহার প্রতিবাদ করিতেন, বিদ্বেষী-দিগের অশাস্ত্রীয় অযৌক্তিক উক্তি বৃহস্পতির পাণ্ডিত্যগৌরবে খণ্ড বিখণ্ড করিয়া দিতেন। গৌড়ীয় পণ্ডিতগণের শেষ ভাস্কর শ্রীমদ্ বলদেব বিদ্যা-ভূষণের অন্তর্দ্ধানের পরে এদেশে গৌড়ীয় বৈষ্ণব পণ্ডিতের প্রভাবও একরূপ অস্তমিত হইয়া পড়ে, স্মার্ত্ত প্রভাব বাড়িয়া উঠে। এমন কি গোস্বামীদের মধ্যেও এই স্মার্ত্ত প্রভাব বলবান্ হইয়া উঠে। অন্য কথা দূরে থাকুক বৈষ্ণব-ব্রতোপবাস নির্ণয়েও হরিভক্তিবিলাসের ব্যবস্থা অনাদৃত হইতে আরব্ধ হয়।

গোস্বামীরা নিজেদের মধ্যে সুপণ্ডিত অতি বিরল দেখিয়া স্মার্ত্ত পণ্ডিত-দের নিকটেই অধ্যয়ন আরম্ভ করেন। তাঁহাদের আলাপে, তাঁহাদের গাত্র

সংস্পর্শে, তাঁহাদের নিশ্বাসে এবং তাঁহাদের জ্ঞানোচ্ছিষ্ট-ভোজনে, তাঁহাদের ভাবই তথাকথিত বৈষ্ণব পণ্ডিতদিগের মধ্যে সঞ্চারিত হইয়া উঠে। এই অবস্থায় বৈষ্ণব-স্মৃতির অনাদর, বৈষ্ণব-সিদ্ধান্তের প্রতি অবজ্ঞা, এমন কি "সদোপাস্য" শ্রীমন্মহাপ্রভুর বিগ্রহ-অর্চ্চনার প্রতি স্থানে স্থানে যে অনাদর হইবে, ইহা অস্বাভাবিক নহে। সুখের বিষয় এই যে, অধুনা এ স্রোতে প্রবল বাধা পড়িয়াছে। প্রবলতর বৈষ্ণব-পণ্ডিতগণের ক্রমেই অভ্যুদয় পরিলক্ষিত হইতেছে, বেদ বেদান্ত আদি করিয়া সমগ্র হিন্দুশাস্ত্রই এখন অনুসন্ধানশীল শ্রীগৌরভক্ত পণ্ডিতগণের আলোচন আন্দোলনের বিষয়ীভূত হইয়া উঠিতেছে এবং এই সকল শাস্ত্রের মধ্য হইতে শ্রীগৌর-উপাসনার বিমল জ্যোতিঃ আবার নব উষার কনকরাগে বিদ্বৎসমাজে বিকীর্ণ হইতেছে। রাজা মহারাজ ও সমাজের প্রত্যেক শ্রেণীর জনসাধারণের সহিত বৈষ্ণব পণ্ডিতগণ সমবেত হইয়া কার্য্যক্ষেত্রে অবতীর্ণ হইয়াছেন। ভুবনবিজয়ী বৈষ্ণব জয়পতাকা আবার উড্ডীন হইতেছে।

ঐতিহ্য-প্রমাণে সুস্পষ্টতঃই সুপ্রতিপন্ন হইয়াছে যে, শ্রীশ্রীমহাপ্রভুর প্রকট লীলাতেই তাঁহার সাক্ষাৎ শ্রীমূর্ত্তির ও তাঁহার প্রতিমার পৃথক্ মন্ত্রাদিতে পাদ্যাদি দ্বারা পূজা হইয়াছে। ইহাও সপ্রমাণ হইয়াছে, এইরূপ পূজায় তাঁহার সম্মতি ছিল। হরিভক্তিবিলাসের বহু স্থানেই শ্রীভগবদুপাসনার বিধান সম্বন্ধে "যথাসম্প্রদায়ং" শব্দের উল্লেখ করা হইয়াছে। সপ্তম বিলাসের কারিকায় স্পষ্টতঃই লিখিত হইয়াছে—

এবং যদ্ধ্যানপূজাদিরেকান্তিভ্যঃ প্ররোচতে।
কৃষ্ণায় রোচতেঽত্যান্তং তদেব চ সতাং মতম্॥

এই শ্লোকের টীকায় শ্রীপাদ সনাতন গোস্বামী লিখিয়াছেন:—

নম্বেবং তন্ত্রোক্তাতিক্রমেণ স্বচ্ছন্দপূজাবিধিরয়ং শাস্ত্রপরাণাং সতাং সম্মতঃ কথং স্যাৎ? তত্র লিখতি এবমিতি:—ধ্যানপূজাদৌ বিধায় যদে-

কান্তিভ্যঃ প্রকর্ষেণ রোচতে তদেব কৃষ্ণায় ভগবতে-হত্যন্তং রোচতে, অতঃ সতাং তদেব সম্মতমিত্যর্থঃ। তদেব প্রমাণয়তি তান্যেবেতি।

ইহার মর্ম্ম এই যে, ধ্যান পূজাদি সম্বন্ধে একান্তিভক্তের নিকট যাহা সবিশেষ রুচিজনক, শ্রীকৃষ্ণের নিকটেও তাহাই রুচিজনক এবং ইহাই সাধুজন সম্মত।

এই কারিকার শাস্ত্র-প্রমাণ-নিমিত্ত পূজ্যপাদ শ্রীগ্রন্থকার শ্রীমদ্ভাগবতের তৃতীয় স্কন্ধের শ্রীকর্দ্দম-স্তুতি হইতে একটী পদ্য উদ্ধৃত করিয়াছেন, তদ্‌যথা :—

তান্যেব তেঽভিরূপাণি রূপাণি ভগবংস্তব।
যানি যানি চ রোচন্তে স্বজনানামরূপিণঃ॥

ইহার ব্যাখ্যায় শ্রীপাদ সনাতন লিখিয়াছেন—

"হে ভগবন্! তব রূপাণি অবতারাঃ চতুর্ভুজত্বাদি দ্বিভুজত্বাদ্যাকারা বা শুক্লকৃষ্ণাদির্বর্ণা বা সৌন্দর্য্যাণি বা স্বজননামেকান্তভক্তানাং তেভ্য যানি যানি রোচন্তে তান্যেব তে তব অভিরূপাণি যোগ্যানীত্যর্থঃ। পরমভক্ত-বাৎসল্যভরাৎ, যদ্বা সম্মতানীত্যর্থঃ। যদ্বা তান্যেব রূপাণি তে তুভ্যং রোচতে যতঃ অভিরূপাণি তান্যেব পরমমনোহরাণি। এবমেকান্তিভ্যো যদ্ রোচতে তদেব ভগবতে রোচতে ইতি সিদ্ধম্।"

এই টীকার প্রারম্ভে চতুর্ভুজত্ব দ্বিভুজত্বাদি ভিন্ন ভিন্ন আকারের কথা এবং শুক্লকৃষ্ণাদি রূপের কথা বলা হইয়াছে। "কৃষ্ণাদি" পদের "আদি" শব্দ দ্বারা পীতরূপ যে অবশ্য গ্রাহ্য তৎপক্ষে বিন্দুমাত্রও সন্দেহ নাই। শ্রীপাদ শ্রীরূপের "সদোপাস্য শ্রীমান্ শ্রীগৌরসুন্দর।" এই শ্রীগৌরসুন্দরের শ্রীগৌরমূর্ত্তির ধ্যান পূজাদি যে হরিভক্তিবিলাসের অতীব সুসম্মত, এখন আর তাহার দ্বিতীয় প্রমাণের প্রয়োজন বিন্দুমাত্রও রহিল না। এ বিষয়ে নিতান্ত অশাস্ত্রজ্ঞ ব্যক্তি ব্যতীত অপর কাহারো হৃদয়ে সন্দেহের লেশমাত্রও

থাকিতে পারে না। সুতরাং শ্রীগৌর-বিগ্রহের অর্চ্চনা যে সর্ব্বতোভাবে শাস্ত্র ও শিষ্টসম্মত তৎসম্বন্ধে আর অধিক বিবৃতির প্রয়োজন নাই।

এখন কথা এই যে, মন্ত্রযোগে পূজা করা শাস্ত্রীয় বিধান। শ্রীভগবান্ শ্রীগৌরমূর্ত্তি প্রকটন করিয়া ভক্তগণের চিত্ত-বিনোদন করেন। এই শ্রীগৌরমূর্ত্তি মায়িক নহেন, ইনি সনাতনী ও শাশ্বতী। শ্রীগৌররূপে শ্রীরাধাকৃষ্ণ বিরাজিত। কোন কোন ভক্ত তাঁহাকে কেবল শ্রীকৃষ্ণরূপেই দর্শন করিয়াছেন। দৃষ্টান্তস্থলে নাগবধূ প্রভৃতির কথা শ্রীচৈতন্যভাগবত হইতে উদ্ধৃত করা যাইতে পারে। কিন্তু ভক্তবিশেষের এইরূপ কৃষ্ণত্বদর্শন তাঁহার গৌর-কান্তিত্বের প্রতিষেধক নহে। ভক্তগণ আপন আপন নিষ্ঠানুসারে মহাবতারী শ্রীভগবান্ গৌরচন্দ্রে কৃষ্ণরূপ, রামরূপ, বরাহরূপ প্রভৃতি দর্শন করিতেন। ইহাতে তাঁহার মহাবতারিত্বই সূচিত হইতেছে।

কিন্তু গৌরতেজঃ-সম্মিলন ব্যতিরিক্ত শুদ্ধ শ্যামতেজ উপাস্য নহেন, প্রত্যুত সে ভাবের উপাসনায় পাতকী হইতে হয়, ইহাই শাস্ত্রীয় অনুশাসন। যথা সম্মোহন তন্ত্রোক্ত প্রমাণ :—

গৌরতেজো বিনা যস্তু শ্যামতেজঃ সমর্চ্চয়েৎ
জপেদ্বা ধ্যায়তে বাপি স ভবেৎ পাতকী শিবে।

শ্রীমদ্ভাগবতের বিশুদ্ধ রসদীপিকাটীকাতে "অনয়ারাধিতো নূনং" শ্লোকের ব্যাখ্যাতেও সম্মোহন তন্ত্রোক্ত এই প্রমাণটী বিধৃত হইয়াছে।

শ্রীগৌরবিগ্রহ-উপাসনায় সম্মোহন তন্ত্রোক্ত এই শিববাক্যের পূর্ণ সার্থকতাই পরিলক্ষিত হয়। ইহা হইতেই সংশয়বাদীরা শ্রীপাদ শ্রীজীবকৃত "অন্তঃকৃষ্ণং বহির্গৌরম্" শ্লোকের তাৎপর্য্যার্থ গ্রহণ করিতে সমর্থ হইবেন।

এখন কথা হইতেছে যে, শ্রীগৌরাঙ্গ ভগবানের মন্ত্র কোথায়? এ বিচার বিশেষরূপেই করা হইবে। কিন্তু এ সম্বন্ধে অপরাপর কথা বলিবার পূর্ব্বে এখানে শ্রীহরিভক্তিবিলাসের টীকায় শ্রীপাদ সনাতন কি বলিয়াছেন

তাহারই উল্লেখ করা সর্ব্বপ্রথমে প্রয়োজনীয়। ৫ম বিলাসের ১৫০ অঙ্ক-ধৃত শ্লোক-টীকায় শ্রীপাদ সনাতন লিখিয়াছেন ঃ—

"তথা মন্ত্রস্যাপি প্রায়ো নামবিশেষত্বেন পরমং ভগবদ্রূপত্বমেব। অতো ভগবৎপ্রাদুর্ভাবেন মন্ত্রস্যাপি প্রাদুর্ভাবো নূনং বৃত্ত এব।"

দেবতা স্বীকার করিতে হইলেই মন্ত্র স্বীকার করিতে হয়, আবার মন্ত্র স্বীকার করিতে হইলেও দেবতা স্বীকার করিতে হয়। ঋগ্ ভাষ্যে শ্রীমৎ সায়ণাচার্য্য লিখিয়াছেন—

"যা তেনোচ্যতে সা দেবতা।"

অর্থাৎ যে মন্ত্রের দ্বারা যে কোন বস্তুর উপাসনা বা ব্যবহার বোধিত হয়, তাহাই সে মন্ত্রের দেবতা। এই লক্ষণানুসারে উদুখল, মুষল, ধান্য, চর্ম্ম প্রভৃতিও দেবতা।

মন্ত্র ও শ্রীভগবানের অভেদত্ব সম্বন্ধে শ্রীপাদ সনাতন শ্রীহরিভক্তিবিলাস গ্রন্থের টীকায় যে সারগর্ভ সিদ্ধান্ত প্রকাশ করিয়াছেন, তাহা অতঃপরে আলোচিত হইবে।

শ্রীগৌরাঙ্গ-বিগ্রহ-অর্চ্চনা গৌড়ীয় বিদ্বদ্ভক্ত-সমাজে চিরপ্রসিদ্ধ। উৎকলে সর্ব্বত্রই শ্রীগৌরপ্রতিমা অর্চ্চিত হয়েন,—সর্ব্বত্রই শ্রীগৌররূপের ধ্যান ও মন্ত্র স্বীকৃত। বর্ত্তমান সময়ে শ্রীগৌরার্চ্চনের বিরোধী নগণ্য দুই একটী ব্যক্তি শাস্ত্রমর্ম্ম না বুঝিয়া পণ্ডিতের ন্যায় কথা বলিতে প্রয়াসী হয়। পূর্ব্বে এরূপ কথা একবারেই শুনা যাইত না। উড়িষ্যার বহু স্থানে শ্রীগৌরমূর্ত্তির উপাসনা হয়। বিশ্বকোষ-সম্পাদক প্রাচ্যবিদ্যামহার্ণব শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহোদয় তাঁহার কৃত ময়ূরভঞ্জের প্রত্নতত্ত্ব নামক সুবিখ্যাত গ্রন্থে লিখিয়াছেন, উড়িষ্যায় শ্রীচৈতন্য মহাপ্রভু প্রধানতম অবতাররূপে কোটি কোটি লোক দ্বারা পূজিত হইয়া আসিতেছেন। এই অঞ্চলের লোকেরা ইঁহাকে স্বয়ং জগন্নাথ বলিয়াই পূজা করেন। এই অঞ্চলে প্রধান পল্লীমাত্রেই দধিবামন ও

জগন্নাথদেবের সহিত শ্রীগৌরাঙ্গদেব পূজিত হইয়া থাকেন। সর্ব্বত্রই সায়াহ্নে সন্ধ্যায় তাঁহার নামকীর্ত্তন হয়। প্রতাপপুর গ্রামে মহারাজ প্রতাপরুদ্র-প্রতিষ্ঠিত শ্রীমূর্ত্তি এখনও বিরাজমান। এই শ্রীমূর্ত্তি নিম্বকাষ্ঠ নির্ম্মিত। মহারাজ প্রতাপরুদ্রের অনুকরণে দেশের লোকমাত্রই শ্রীগৌরাঙ্গের অর্চ্চনা করিতে প্রবৃত্ত হয়েন, এখন সর্ব্বত্রই শ্রীগৌরাঙ্গের অর্চ্চনা দেখিতে পাওয়া যায়। *

উড়িষ্যায় শ্রীগৌরাঙ্গ-বিগ্রহের অর্চ্চনার বহুল প্রভাব পরিলক্ষিত হয়। বিদ্বৎ-শিরোমণি সার্ব্বভৌম ভট্টাচার্য্য, মহারাজ প্রতাপরুদ্র, শ্রীরায় রামানন্দ প্রভৃতি মহানুভবগণ শ্রীগৌরাঙ্গের প্রকটকালেই কনককান্তি শ্রীগৌরাঙ্গ বিগ্রহের অর্চ্চনা করিতেন এবং প্রতাপরুদ্রের অনুসরণে উড়িষ্যার সর্ব্বত্রই শ্রীশ্রীগৌরাঙ্গ অর্চ্চনা প্রতিষ্ঠিত হয়। বলা বাহুল্য ইহারা শ্রীকৃষ্ণের ধ্যানে শ্রীগৌরাঙ্গ অর্চ্চনা করেন নাই। শচীসুত শ্রীকৃষ্ণচৈতন্য বিগ্রহই মহাবিদ্বৎ-শিরোমণি বাসুদেব সার্ব্বভৌমের ধ্যানের বিষয় হইয়াছিলেন, এই নামই তিনি জপ করিতেন, যথা শ্রীচৈতন্যচরিতামৃতে—

সার্ব্বভৌম হয় প্রভুর ভক্ত এক তান।
মহাপ্রভু বিনা সেব্য নাহি জানে আন॥

---

* Here the memory of Sri Chaitanya, the founder of this faith, is cherished with the greatest reverence by millions, who consider him to have been the greatest incarnation or Avatar of God and identical with Jagannath, the presiding deity of the province. Here in every important village, the image of Sri Chaitanya is worshipped along with that of Jagannath and Dadhibamana. Every evening His name is chanted. . . . In our report on Pratappur we have already stated that in that village Maharaj Prataprudra Deva had an image of Sri Chaitanya made of nim wood. This example set by the king, was soon followed by the people and now there is scarcely an important village in Orissa that has not the image Sri Chaitanya for its worship.—Archæological Survey of Mayurbhanja.

শ্রীকৃষ্ণচৈতন্য শচীসুত গুণধাম।
এই ধ্যান এই জপ এই লয় নাম॥

কাশীধামের পরম বিদ্বৎশিরোমণি প্রকাশানন্দের‌ও এইরূপ নিষ্ঠা। যথা, শ্রীচৈতন্যচন্দ্রামৃতে ঃ—

শ্রবণ-মনন-সঙ্কীর্ত্ত্যাদিভক্ত্যা মুরারে
র্যদি পরমপুমর্থং সাধয়েৎ কোঽপি ভদ্রম্।
মম তু পরমপার-প্রেম-পীযূষ-সিন্ধোঃ,
কিমপি রস-রহস্যং গৌরধাম্নো নমস্যম্।

শ্রীশ্রীগৌরাঙ্গসুন্দরের প্রকটকালেই তচ্চরণানুরাগী নিষ্ঠাবান্ পরম বিদ্বৎশিরোমণি মহানুভবগণ তদীয় শ্রীগৌর-মূর্ত্তির অর্চ্চন-ভজন সর্ব্বস্ব বলিয়া ঘোষণা করিয়া গিয়াছেন। এতদালোচনায় শ্রীপাদ সনাতন গোস্বামি-মহোদয় হরিভক্তিবিলাস গ্রন্থের টীকায় ভাগবতের একটী শ্লোক-ব্যাখ্যায় লিখিয়াছেন—

"ধ্যান পূজাদৌ যদেকান্তিভ্যঃ প্রকর্ষেণ প্ররোচতে, তদেব কৃষ্ণায় ভগবতেঽত্যন্তং রোচতে। অতঃ সতাং তদেব সম্মতমিত্যর্থঃ।"

শ্রীপাদ সনাতন আর‌ও লিখিয়াছেন্,—

"অত্র বহূনাং সতাং যন্মতং, তদেব স্ব-সম্প্রদায়ানুসারেণ গ্রাহ্যমিতি দিক্।"

ঐতিহ্য-প্রমাণ দ্বারা স্পষ্টতঃই সপ্রমাণ হইয়াছে যে শ্রীকৃষ্ণের ধ্যান হইতে পৃথক্ ধ্যানে শ্রীগৌরাঙ্গ অর্চ্চনা,—এই সম্প্রদায়ের পরম বিদ্বৎ-শিরোমণিগণের অভিপ্রায়, সুতরাং গৌড়ীয় বৈষ্ণব সম্প্রদায়ের পক্ষে এই ব্যবস্থা যে সর্ব্বতোভাবে গ্রাহ্য, তৎপক্ষে কাহার‌ও সন্দেহ থাকিতে পারে না। নিম্নলিখিত বিষয়গুলি দ্রষ্টব্য।

১। শ্রীগৌরাঙ্গ স্বয়ং ভগবান্।

২। ইনি রাধাভাবদ্যুতিসুবলিত শ্রীকৃষ্ণস্বরূপ।

৩ সুতরাং ইঁহার অর্চ্চনা পৃথক্, ইঁহার ধ্যানও অবশ্যই পৃথক্।

৪। নবধা ভক্তির মধ্যে অর্চ্চনাও একতম। সুতরাং এই শ্রীবিগ্রহের অর্চ্চনা অবশ্য কর্ত্তব্য। নচেৎ শ্রীভাগবতানুশাসনে পতন অনিবার্য্য।

৫। অর্চ্চনা করিতে হইলেই ধ্যান ও মন্ত্রের প্রয়োজন।

৬। অনন্তসংহিতা, ঊর্দ্ধাম্নায়তন্ত্র ও ঈশানসংহিতায় এবং শ্রীমন্নরহরি ঠাকুরের ভক্তিপটলচন্দ্রিকায় এই সকল বিষয় দ্রষ্টব্য।

এ সম্বন্ধে অতঃপরে সবিশেষ আলোচনা করা হইবে। এ স্থলে মন্ত্র সম্বন্ধে যৎকিঞ্চিৎ মন্তব্য অগ্রে পাঠক মহোদয়গণের নিকট উপস্থাপিত করা যাইতেছে।

বৈয়াকরণগণ বলেন :—"মন্ত্র্যতে গুপ্তং পরিভাষ্যতে" এই অর্থে মন্ত্রি (গুপ্তভাষণে) এই ধাতুর উত্তরে ঘঞ প্রত্যয় করিয়া "মন্ত্র" পদ সিদ্ধ হয়, অথবা "মন্ত্রয়তে গুপ্তং ভাষয়তে" এইরূপ অর্থে মন্ত্রি ধাতুর উত্তরে অচ্ প্রত্যয় করিয়াও "মন্ত্র" পদ নিষ্পন্ন হয়। এই প্রকার ব্যুৎপাদনে বেদসংহিতার মন্ত্র-ভাগই সাধারণতঃ বুঝা যায়।

নিরুক্তকার যাস্ক বলেন :—মননাৎ মন্ত্রাঃ। ৭,৩,৬।

দুর্গসিংহ ইহার বৃত্তি করিয়া বলেন, "তেভ্যঃ হি অধ্যাত্মাধিদৈবাদি-যজ্ঞাদি-মন্তারো মন্যন্তে তদেষাং মন্ত্রত্বম্।"

যাস্কের নিরুক্তি ও দুর্গসিংহের বৃত্তির আলোচনায় জানা যায়—

"মননহেতু মন্ত্রঃ।"

সুতরাং মনন-হেতুই মন্ত্র পদ সিদ্ধ এই লক্ষণ নিরুক্ত-সম্মত। কিন্তু ঋগ্বেদের ভাষ্যভূমিকায় সায়ণাচার্য্য এই মন্ত্র-লক্ষণের দোষ প্রদর্শন করিয়াছেন। তিনি বলেন "যদি বল যে মনন-হেতুত্ব নিবন্ধনই ইহাকে মন্ত্র বলা যায়, তাহা হইলে কেবল বেদ-সংহিতাতেই মন্ত্রত্ব স্বীকৃত ও সীমাবদ্ধ হয়, ব্রাহ্মণ গ্রন্থে ইহার অতিব্যাপ্তি ঘটে।"

অথর্ব্ববেদে দেখিতে পাওয়া যায় :—

"অহেবুধিয়মন্ত্রং মে গোপায় যমৃক্ষয়স্ত্রয়ীবিদা বিদুঃ, ঋচ্ সামানি যজুংষি ইতি।—২,১,৭।—অথর্ব্ববেদ।

মীমাংসাদর্শনকার জৈমিনি বলেন—

"তচ্চোদকেষু মন্ত্রাখ্যা।"—মীমাংসাদর্শন ২,১,৩২ সূত্র।

শবর স্বামী ইহার ভাষ্য করিয়া লিখিয়াছেন—

"কথং লক্ষণোমন্ত্রঃ ইতি, তচ্চোদকেষু মন্ত্রাখ্যা, অভিধানস্য চোদেকেষ্বেবং-জাতীয়কেষু অভিযুক্তা উপদিশন্তি, মন্ত্রানধীমহে, মন্ত্রানধ্যাপয়ামঃ, মন্ত্রা বর্ত্তন্তে।"

শবর স্বামী বলেন, মন্ত্রের এই লক্ষণ পূর্ণ লক্ষণ নহে, প্রায়িক মাত্র। কেননা, সকল মন্ত্রই অভিধায়ক নহে। কোন কোন স্থানে অনভিধায়ক বাক্যও মন্ত্র নামে অভিহিত হইয়াছে যেমন—

"বসন্তায় কপিঞ্জলান্ আলভেত।"

তথাপি লক্ষণের প্রয়োজনীয়তা অবশ্যই আছে। কেননা—

"ঋষয়োঽপি পদার্থানাং নান্তং যান্তি পৃথক্কশঃ।
লক্ষণেন তু সিদ্ধানামন্তং যান্তি বিপশ্চিতঃ॥"

যাহা হউক, মীমাংসাদর্শনের লক্ষণটী প্রায়িক হইলেও ইহাতে বুঝা যাইতেছে যে "বিহিতার্থাভিধায়কই মীমাংসাদর্শনানুসারে,—মন্ত্র।"

মন্ত্র,—মননের সাধন। যাস্ক বলেন :—"যৎকাম ঋষির্যস্যাং দেবতায়ামর্থা-পত্যমিচ্ছন্ স্তুতিং প্রযুঙ্ক্তে তদ্দৈবত স মন্ত্রো ভবতি।"—নিরুক্ত ৭,১,১।

"মনন-হেতু মন্ত্র" ইহা যাস্কোক্ত লক্ষণ। আবার "অভিযুক্তের উপদিষ্টই মন্ত্র" ইহা জৈমিনির লক্ষণ। যাস্কক্বত মন্ত্র-লক্ষণ—বাক্যপর; জৈমিনিকৃত মন্ত্র-লক্ষণ গ্রন্থপর। সুতরাং জৈমিনি-মতে বৈদিক সংহিতাগুলি মন্ত্রগ্রন্থ বলিয়া অভিহিত।

আমরা মন্ত্র সম্বন্ধে যে মন্তব্য প্রকাশ করিতেছি তাহাতে উভয় লক্ষণই ধর্ত্তব্য। তবে জৈমিনির মতে কেবল বৈদিক সংহিতাগুলিকেই মন্ত্র বলিয়া নির্দ্ধারিত করিয়া লইলে আমাদের ধর্ত্তব্য অর্থের সঙ্কোচ হয়,—প্রভেদ কেবল এই মাত্র।

শ্রীগৌরাঙ্গ অবতার।

-০ঃ*ঃ০-

যখন বলয়ে মন আমার। কেন গৌর ভজ কি গুণ তাঁর॥
গৌর ত মানুষ বামুন বেটা। ভগবান রূপে ভজয়ে কেটা॥
অবতার মহিমা কি আছয়। দেখাও তব যদি সাধ্য হয়॥
তখন বলি যে আপনা মনে। তবে শুন মন ভজি বা কেনে॥
অবতার তাঁরে কেন বা বলি। বলিব আরও তাঁর গুণাবলি॥
গৌরাঙ্গ যদ্যপি মানুষ হয়। তবে কেন বহুমন মজায়॥
দিগ্বিজয়ী বহু পণ্ডিতগণ। গৌরাঙ্গ ভজয়ে কিবা কারণ॥
গৌরনামে কেন অনেকে মাতে রাজা ও মন্ত্রী কাঙ্গাল পথে॥
সর্ব্বস্ব ছাড়িয়া সন্ন্যাসী হয়। গৌর লাগি তাঁরা সকল সয়॥
গৌর অবতার হৈবার কথা। শাস্ত্রতে কেন আছয়ে গাঁথা॥
যদি বল ভাই কোথায় আছে। তবে শুন বলি তোমার কাছে॥ *
ভাগবত শাস্ত্রে দুই প্রমাণ। প্রমাণ দিতেছি বহু পুরাণ॥
নৃসিংহ ভবিষ্য পদ্মপুরাণ। কূর্ম্মপুরাণ দেবী ও বামন॥
শিব পুরাণেও আছে প্রমাণ। দেখিতে পার তা করি সন্ধান॥
বিষ্ণু বরাহ আর মার্কণ্ডেয়। এসব পুরাণেও আছয়ে জ্ঞেয়॥
নৃসিংহ ভবিষ্যে দুই দুই শ্লোক। মহাভারতে এক পাইবে লোক॥
অনন্ত সংহিতায় কয়েক আছে। দেখাইতে পারি তোমার কাছে॥

* শাস্ত্র প্রমাণ শ্লোকাবলী পরিশিষ্টে দেওয়া হইল। পাঠক মহাশয় দেখিয়া লইবেন।

অনেক তন্ত্রেও প্রমাণ পাই। সে কথা সংক্ষেপে বলিয়া যাই ॥
কুলার্ণব তন্ত্র নাম ঈশান। ঊর্দ্ধাম্নায় যে তন্ত্রের নাম ॥
ও রুদ্রযামল এ তন্ত্র তিনে। গৌর মন্ত্রাদি দেখ কাজ কি শুনে ॥
বিশ্বসার তন্ত্র ব্রহ্মযামল। এতেও প্রমাণ পাইবে সকল ॥
মূল গ্রন্থ সব কর অন্বেষণ। সত্য কি না দেখ এসব বচন ॥
অথর্ব্ববেদেও প্রমাণ দেখি। সন্দেহ মিটায়ে হও হে সুখী ॥
বিশ্বম্ভর নাম গৌরের হয়। গণৎকার সে নাম রাখয় ॥
কোন অবতারে এ নাম রাখে না। তাহা সকলের আছয়ে জানা
অথর্ব্ববেদে তা আছয়ে শুনি। বিশ্বম্ভর মন্ত্র গায়ত্রী যিনি ॥
অথর্ব্ববেদে ঐ আছয়ে যাহা। গৌর অবতারের মন্ত্র তাহা ॥
মহাপ্রভু নাম কোন অবতারে। বল দেখি ভাই শ্রীবিষ্ণু ধরে ॥
গৌর অবতারে ইহা ত দেখি। বেদে আছে উহা জানিয়া সুখী
"মহাপ্রভু" বলি গৌরকে ডাকে। এ কথা জানয়ে সকল লোকে ॥
গোস্বামি-গ্রন্থ অনেক রয়। তাহাতে যদ্যপি বিশ্বাস নয় ॥
গীতা গ্রন্থখানি মানিবে তুমি। তাঁর কথা কিছু বলিব আমি ॥
ধর্ম্মগ্লানি হ'লে হবেন উদয়। গীতায় শ্রীকৃষ্ণ ইহা ত কয় ॥
যখন গৌরাঙ্গ উদয় হৈল ॥ এ ভারতবর্ষ কেমন রৈল ॥
যবন রাজ্যের দীর্ঘ শাসনে। ধর্ম্মভাব ছিল না হিন্দুর মনে ॥
ম্লেচ্ছভাবাপন্ন হইল সবে। অল্প মাত্র সাধু রৈলা নীরবে ॥
অরাজক প্রায় সকল দেশ। ধর্ম্মের দুর্গতি হ'ল বিশেষ ॥
কত ধর্ম্ম গ্রন্থ বিগ্রহ আদি। যবনে নষ্ট কৈল নিরবধি ॥
দস্যু ভয়াদি সে সর্ব্বদাই। তখন কোথাও শান্তি নাই ॥
ধর্ম্মগ্লানির বাকী না রৈল। তবে অবতার গৌরাঙ্গ হৈল ॥
সাধু পরিত্রাণ দুষ্কৃতিনাশ। করি কৈলা ধর্ম্মস্থাপন আশ ॥

বিবিধ প্রকারে করিলা তাহা। অবতারগণ করেন যাহা॥
রকমের কিছু অন্যথা হয়। এবার যে আইলা শ্রীপ্রেমময়॥
জগাই মাধাই উদ্ধার কথা। নারোজী উদ্ধার জান না কি ভ্রাতা
বাঙ্গালী হইয়া গৌরাঙ্গতত্ত্ব। না জানিয়া কেন বিষয়ে মত্ত॥
দুষ্টগণে ধর্ম্ম বিকৃত করে। তাতে কি গৌরের মহিমা উড়ে॥
অশেষ পাতকী অনেক জন। গৌরনামে কেন পবিত্র হন॥
সিদ্ধপুরুষ যতেক জনে। ঈশ বলি কেন গৌরকে মানে॥
গৌরের গণ যে অসংখ্য হয়। কেন সম্প্রদায় এত বাড়য়॥
এত পদাবলী পদ বাঁধেন। যদ্যপি গৌর মানুষ হন॥
বৈষ্ণবের শাস্ত্র এতই কেন। পণ্ডিত গোস্বামী সবে লিখেন॥
গোস্বামীরা শুধু পণ্ডিত নন। সাধনে সিদ্ধপুরুষ হন॥
গৌর অবতারে তাঁহারা ঋষি। গৌর পারিষদ হইলা আসি॥
তাঁদের লিখন প্রমাণ হয়। গৌরকে পূর্ণ-ঈশ্বর কয়॥
সিদ্ধপুরুষের সিদ্ধ সে বাণী। আমরা বৈষ্ণব সকলে মানি॥
বিচারে মানিতে সবাকে হয়। পূর্ব্বযুগ ঘটনা যদি দেখয়॥
রাম যে ঈশ্বর তার প্রমাণ। তাৎকালিক ঋষি সকলে তা কন্॥
কৃষ্ণাবতারকালের ঋষি। তাঁরাও পণ্ডিত ছিলেন বেশী॥
তাঁহারা লিখেন কৃষ্ণ ঈশ্বর। তাহাতে জানিলা ভারতের নর॥
সকল পণ্ডিত লিখে না তাহা। বৈষ্ণব পণ্ডিত লিখিলা যাহা॥
গৌর অবতারেও অন্য পণ্ডিত। গৌর মহিমা না জানে নিশ্চিত॥
গোঁসাইরা নানা প্রকারে জানে। বুঝান তাঁহারা নিজ লিখনে॥
গোঁসাইরা সে লিখিলা বৃথা। এ কথা কহিলে ভক্ত পায় ব্যথা॥
গোস্বামিগণকে যদি মানিবে। বহুত প্রমাণ তবে পাইবে॥
প্রসিদ্ধ গ্রন্থ যে কয়েকখানি। তাহাতে অন্ততঃ লইবে জানি॥

চৈতন্যভাগবত চন্দ্রামৃত। চৈতন্যমঙ্গল চরিতামৃত॥
স্তব-স্তোত্রাদি আছয়ে শত। প্রমাণের স্থলে যায় ধরা ত॥
পদ পদাবলী আছয়ে যত। প্রমাণ দিছেন প্রতি নিয়ত॥
গৌর ভগবান পূর্ণই কি না। তাহাতে নিশ্চয় হইবে জানা॥
"যদদ্বৈতং ব্রহ্ম" ইত্যাদি শ্লোকে। প্রবোধানন্দাদি মহাত্মা যা লিখে॥
সকলই তাঁর প্রমাণ হয়। বলি আরও যদি থাকে সংশয়॥
দশ অবতার ষড়্ভুজাদি। গৌর সঙ্গে দেখে শ্রীগৌরবাদী॥
রাধাকৃষ্ণ দেখান গৌর নিজাঙ্গে। রামানন্দ যখন থাকিলা সঙ্গে॥
জগন্নাথ অঙ্গে স্বদেহ মিশায়। সে সব কি ঈশ্বর ব্যাপার নয়॥
ভগবান বিনা অন্যে কি পারে। মানুষ বলিয়া ভাব যে তাঁরে॥
সংকীর্ত্তন ছিল না ভারতভূমে। গৌর হ'তে প্রচার হইল ক্রমে॥
শ্রীবিগ্রহ সেবা বহুত স্থানে। প্রচলিত হল ধনীর দানে॥
কত গ্রাম ও বন নগর হৈল। সে সকল কিছু পূর্ব্বে না ছিল।
পূরবে দেখহ কালের বশে। বৃন্দাবন বন হইল শেষে॥
তাহা প্রকাশিলা গৌরাঙ্গ পুনঃ। নগর করিলা করি যতন॥
কত ঠাকুরবাড়ী হইল পরে। গৌরভক্তগণ দিলেন গঁড়ে॥
পরে অন্য ভক্ত দিয়াছে যোগ। এখন সকলে করিছে ভোগ॥
কৃতঘ্ন হইয়া অনেকে শেষে। এহেন গৌরকে ভুলিয়া বসে॥
গৌর অবতারে এ সব হয়। তবুও তোমার সন্দেহ রয়॥
শ্রীগৌরাঙ্গ যদি বিভু না হবে। তাঁহা হ'তে এসব হয় কেন ভবে॥
গৌর দেখি সবে আনন্দ পায়। তাঁর উপদেশে সবে জুড়ায়॥
প্রেম ও ভকতি পায় সে প্রাণে। যে বারেক দেখে শ্রীগৌরধনে॥
দর্শনে স্পর্শনে পবিত্র করে। সেই পায় প্রেম নাম যে ধরে॥
দেবের দুর্লভ ভকতি ধন। তাহাকেই দেন যাহাকে মন॥

গৌরাঙ্গ স্মরণে জ্যোতিঃ উদয়। চিন্ময় জ্যোতি ভক্ত হৃদয়ে পায় ॥
জ্যোতিঃ টলটল ঝলমল সে। ভকত আঁখিতে কেন বা ভাসে ॥
আলোকে আঁধারে জলে ও স্থলে। পীতজ্যোতিঃ কেন হৃদয়ে দোলে ॥
সোণার বরণ গৌরাঙ্গ চাঁদ। কেন ঘুচায় ভক্ত হৃদের আঁধ ॥
নিজ কৃপায় প্রাণ হরিয়া লন ॥ তবু কি গৌরাঙ্গ ঈশ্বর নন ॥
সর্ব্বজীবে সম তাঁহার ভাব। শ্রীকৃষ্ণ ভজিলে তাঁহার লাভ ॥
জীবোদ্ধার জন্য সন্ন্যাসী হন। অবতার ভিন্ন কে হন এমন ॥
অসংখ্য লোকের পাতক হরে। প্রেমদান কৈলা অসীম জোরে।
কোন অবতার অত না করে। ইহাতেও জানি শ্রেষ্ঠ যে তাঁরে
ভগবান নইলে কিরূপে পারে। মানুষ কখন উহা যে নারে ॥
বৈষ্ণবধর্ম্মের প্রধান নেতা। তিনি সকলের ভকতি দাতা ॥
কত দুখ ভোগেন জীবের তরে। হরিনাম বিলান জীবের দ্বারে ॥
জীব দুঃখে কত কাতর হন। তবুও তিনি কি ঈশ্বর নন ॥
তাঁহার পারিষদ এতেক সয়। প্রহার খাইয়াও কৃপা করয় ॥
অলৌকিককর্ত্তার অনেক কাজ। লীলা পুঁথি পড় ঘুচায়ে লাজ ॥
"শ্রীগৌরাঙ্গ" নাম জপিয়া দেখ। একবার মন মিটাও সখ ॥
এই নামে তব কি লাভ হয়। দেখ ক্ষতি নাই হবে না ক্ষয় ॥
"গৌর" শব্দ যে প্রণব হয়। বিচারিয়া দেখ হয় কি নয় ॥
গ-আ-উ-র-অ অক্ষর মানে। খুজিয়া দেখহ শ্রীঅভিধানে ॥
শিব ব্রহ্মা বিষ্ণু গণেশ। অনন্তাদি অর্থ পাইবে বেশ ॥
ঐ সব সত্তা "গৌর" নামে। আছে জানি মোরা সমষ্টি ক্রমে
"ওঁ" কারের অর্থ বাকী কিবা রয়। বল বল বল মন মহাশয় ॥
যদি কিছু আর বাকী বোধ রবে। "আঙ্গ" শব্দেতে তাহাও পাবে ॥
"গৌরাঙ্গ" নাম পূর্ণ প্রণব। বিচারিয়া দেখ অক্ষর সব ॥

গৌর মানে সুন্দর মন হে জ্ঞান। চির পূর্ণ সুন্দর শ্রীভগবান
ভগবান "গৌর" এ কথা সত্য। প্রভু যে সুন্দর জানে তাঁহার ভৃত্য ॥
সর্ব্ব সৌন্দর্য্যের সার হন যিনি। তাঁরেই আমরা গৌরাঙ্গ জানি ॥
শ্রীভগবানের বিশেষ নাম। "গৌর" এই শব্দটিই হন ॥
সকলে সুন্দর বাসয়ে ভাল। সে আশা মিটে না কোনই কাল ॥
চির সুন্দরকে যেদিনে পায়। সে দিনে মানুষ সত্য জুড়ায় ॥
সৌন্দর্য্যের পূর্ণতা গৌরেতে রয়। তাঁহার সকলই সৌন্দর্য্যময় ॥
"ভগবান" নামের ঐশ্বর্য্য ছয়। দেখহ তাহাও শ্রীগৌরে রয় ॥
তাঁহার ভিতরে অবতার দশ। শুনিয়া পেয়েছিল স্পষ্ট প্রকাশ ॥
ষড়্‌ভুজ মূর্ত্তি প্রকাশ করে। যুগল মূর্ত্তিও গৌরে স্ফুরে ॥
ইহাপেক্ষা ঐশ্বর্য্য আর কি আছে। ঈশ মূর্ত্তি দেখান ভক্তের কাছে
বীর্য্য তাঁর এই ভারতভূমে। অনেক পাতকী উদ্ধারে ক্রমে ॥
কৃষ্ণের সমান দুষ্কৃতি ক্ষয়। গৌরাঙ্গ আসিয়া দেখ করয় ॥
মহিমা তাঁহার অনেক আছে। বলেছি, আরও বলিব পিছে ॥
যশঃ তাঁহার বহুদেশ জুড়ে। এখন অন্যান্য দেশেও স্ফুরে ॥
রূপ গুণ বিদ্যা ভক্তি সুখ্যাতি। তাঁহাতে তা ছিল নিশ্চয় অতি ॥
দ্বাত্রিংশ সুচিহ্ন দেহেতে ছিলা। ভক্ত পণ্ডিতেরা তাঁহা দেখিলা ॥
সৌভাগ্য তাঁহাতে নিত্য থাকয়। জ্ঞান প্রেমানন্দে সুপূর্ণ রয় ॥
তেমন কাহারো সাত্ত্বিক বিকার। পৃথিবীতে হ'য়েছে শুনি না আর ॥
শ্রীকৃষ্ণ প্রেমের পূর্ণ চিহ্ন। মোরা দেখি না রাধা গৌর ভিন্ন ॥
কোন অবতারে পাবে না তাহা। গৌরে প্রকাশিত হ'য়েছে যাহা ॥
ভগবান বিনা হৈতে না পারে। গৌরে যে সব ভাবাদি স্ফুরে ॥
জ্ঞানে মহাপণ্ডিত ছিলেন তিনি। লীলাগ্রন্থ পড়ি তাহা যে জানি ॥
দিগ্বিজয়ী মহাপণ্ডিতগণে। পরাস্ত করিলা ভক্তেরা জানে ॥

অন্তর্য্যামী গুণ ছিল যে তাঁর। যাহা জানাইলা কৃষ্ণাবতার ॥
বৈরাগ্যভাব তাঁহাতে যত। আর কোথাও দেখি না তত
সকল ছাড়িয়া সন্ন্যাসী হন। কঠোরতা সব করে পালন ॥
ছয়টী বস্তুই তাঁহাতে ছিল। ভগবত্তারই ঐ অর্থ হ'ল ॥
এ ছয়টীতেই শ্রেষ্ঠ সবার। এসেছেন যত ঈশ্বরাবতার ॥
গৌর ভগবান হবে না কেন। ভাবিয়া দেখহ আমার মন ॥
গৌর মত কার্য্য কোন সাধু করে। দেখ গৌরের লীলাদি পঁড়ে ॥
কোন সাধুবর পারে না তত। গৌরাঙ্গ মোদের ক'রেছ যত ॥
অংশাবতার হইতে হয় না। পূর্ণাবতারে ভিন্ন রয় না ॥
অন্য অবতারে যাহা যাহা হয়। গৌর অবতারে কিছু কম নয় ॥
আদ্য ভগবান হয়েন যিনি। কৃষ্ণবর্ণ হন বেদেতে শুনি ॥
হিরণ্যবর্ণ গৌরাঙ্গ বিনে। কোন অবতারে কভু দেখিনে ॥
তাতে জানি গৌর মূল ভগবান। এইটী হইল বেদের প্রমাণ ॥
করে অনর্পিত শ্রীপ্রেমদান। সুন্দর তাঁহার সকল প্রাণ ॥
বিশ্বাসে ভজিলে ভকত জনে। গৌরহরি তাঁরে জানান মনে ॥
ভগবান বলি জানিতে পারে। তখন সন্দেহ যায় সে দূরে ॥
নিজজন তাঁর যতেক রয়। সবাতে তখন গৌর ভজায় ॥
গৌরভক্ত মধ্যে অনেকে বিজ্ঞ। তাঁহারা কি হয় সকলে অজ্ঞ ॥
গৌরাঙ্গে যদ্যপি সন্দেহ রবে। মাতা পুত্রাদিকে কেন ভজাবে ॥
বিদ্রূপ লাঞ্ছনা লোকেতে করে। কই তারা কভু গৌর না ছাড়ে ॥
ভগবান নয় যদি জানিবে। নানা নির্য্যাতন কেন সহিবে ॥
গৌর অবতারে গোস্বামী হন। তাঁদের বংশধর সব এবে র'ন ॥
সত্যযুগ হ'তে দেখিয়া এস। ঈশ্বর ব্যতীত কোন্ পুরুষ ॥
উক্ত সব লীলা করিতে পারে। এতেক মহিমা কোন্ সাধু ধরে ॥

গৌরকে ভকত বলিবে তুমি। এমন ভকত দেখি না আমি।
ভগবান বিনা এমন শক্তি। ভগবান বিনা এমন ভক্তি ॥
জগতে কোথায় কবে দেখেছ। বল মন আসিয়া আমার কাছ ॥
সত্য ত্রেতা দ্বাপরে কোথাও নাই। যত সাধু ছিল দেখ না ভাই ॥
সত্যযুগে ও বেদে রাধাকৃষ্ণ নাই। তবু কেন তাহা ভজরে ভাই ॥
অবতার কালের ঋষিগণ। বলেছেন তাই কর ভজন ॥
অবতার হবার পুরবে কম। তৎকথা প্রচার থাকে নিয়ম ॥
গৌর অবতারেও নিয়ম ঐ। গোস্বামীরা ঋষি পুনশ্চ কই ॥
গৌর সিদ্ধান্ত তাঁরা যা বলে। কেন মানিবে না ভাই সকলে ॥
ঋষির গুণ পূর্ব্ব গোস্বামীতে। ছিল কিনা তাহা পার মিলাতে ॥
গৌরলীলা এ অল্পদিন হয়। তাই তত এবে প্রচারিত নয় ॥
কৃষ্ণ মত গৌর বয়স পেলে। তাঁহাকে ভজিবে অনেকে মিলে ॥
এখন তাহার আছয়ে দেরি। সময়ে ভজিবে শ্রীগৌরহরি ॥
যদি বল মন রামকৃষ্ণাদি। যুদ্ধাদি কার্য্য কৈলা নিরবধি ॥
গৌরাঙ্গ যদ্যপি শ্রীভগবান। যুদ্ধ কার্য্য করে কোথা দেখান ॥
ব্রাহ্মণ সন্ন্যাসী রূপে উদয়। যুদ্ধ কার্য্যাদি যে এবার নয় ॥
অসুরের তুল্য যতেক ছিলা। নিজ মহিমায় বশ করিলা ॥
কাজির দলন দস্যু উদ্ধার। দুষ্কৃতি অনেক কৈলা সংহার ॥
দুষ্কৃতিকারীকে প্রাণে না মারে। এই প্রতিজ্ঞা যে ছিল এবারে ॥
নিষ্ঠুর কার্য্যাদি প্রেমাবতারে। কথন কি ভাই করিতে পারে ॥
রাজ্য করিতে আসে না এবার। কেন আসে হেতু আছয়ে তার ॥
নিজকার্য্য তিন, নাম-প্রচার। রাধা-ঋণ-শোধ, প্রেমদান আর ॥
ভক্তভাবে গৌর দিয়াছে শিক্ষা। ভক্তভাবে নাম ক'রেছে ভিক্ষা ॥
ভগবান ভাবেও ল'য়েছে পূজা। মহাভাবে পূজে যার মনে যা ॥

আপনা পূজিতে তখন কহে। সেই হ'তে পূজিতে ভকত রহে ॥
সেই হ'তে পূজিয়া পেয়েছে সিদ্ধি। অনেকের ভাল হ'য়েছে বুদ্ধি ॥
গৌরের বিগ্রহ অনেক স্থানে। স্থাপিত আছয়ে কেবা না জানে।
বহুদিন হ'তে চলিছে সেবা। ভগবান রূপে পূজে নিশি দিবা ॥
গৌরলীলার অনেক চিহ্ন। নানা দেশে আছে ভিন্ন ভিন্ন ॥
সে সব অতি প্রামাণিক হয়। গৌর যে অবতার কি বিস্ময় ॥
তাঁর উপদেশ কিরূপ হয়। চরিতামৃত পড়ি জান মহাশয় ॥
আচারভ্রষ্ট জন কুপথে মজে। তাহার প্রকৃতি গৌর না ভজে ॥
তাদিগে দেখিয়া গৌরাঙ্গে ঘৃণা। শিষ্টজনের কভু উচিত হয় না
গৌর উপদেশ প্রকৃত কি হয়। জানিয়া ভজহ যত সদাশয় ॥
সর্ব্বসাধনের প্রধান যাহা। গৌর উপদেশ ক'রেছে তাহা ॥
মাধুর্য্য ভজনা কেউ বলে না। যত অবতার আছয়ে জানা ॥
শ্রীবৃন্দাবনের ভজন যাহা। কোন দেশে কেউ কহে না তাহা
রাধাকৃষ্ণ ভজন স্বাভাবিক। যদি সে সাধন হয় গো ঠিক ॥
তাহার মহিমা অশেষ হয়। গৌরাঙ্গ ভজিয়া তাহা দেখায় ॥
রূপে গুণে গৌর সবার সার। কেন তর্ক কর মন আমার ॥
তোমা মত ছিল বহু চতুর। তাঁদের আঁধার হ'য়েছে দূর ॥
ভগবানরূপে ভজিছে তাঁরে। তাঁরা এবে ভক্ত স্বভাব ধরে ॥
তাতেও ভজিবে না, নাহি তা ভজ। নিন্দা করি বল কিবা সে কাজ
গৌরভক্ত জনে নিন্দাদি কর। সর্ব্বদা বল গৌরাঙ্গ নর ॥
তাতে অপরাধ উভয় পক্ষে। নিন্দা শুনি ভক্ত মরয়ে দুঃখে ॥
ইষ্টনিন্দা শুনা যে অপরাধ। অবতার বলাইতে তাই এ সাধ
অবতার বল ভজিতে হবে না। এখন মোদের এই প্রার্থনা ॥
দেখ চারিশত বৎসর পূর্ব্বে। গৌরাঙ্গ প্রচার করিলা গর্ব্বে ॥

প্রত্যেক জীবের আছে অধিকার আত্মোন্নতি কার্য্য করিবার ॥
গুণগত বর্ণ আশ্রম বিচার। শাস্ত্রের উদ্দেশ্য করিলা প্রচার ॥
নীচ জাতি যদি হয় গুণবান। অবশ্য পাইবে শ্রীভগবান ॥
এই সব কথা গৌরাঙ্গ শিখান। পূর্ব্বে শিখায় না আর কোন জন ॥
ধর্ম্মপ্রচারক মধ্যে প্রধান। নদীয়া পণ্ডিত গৌর ভগবান ॥
ক'রেছে উন্নতি বঙ্গভাষার। গৌরভক্ত মত কেহ করে না আর ॥
বৈষ্ণব কবিরা সকলে মিলে। বঙ্গভাষাকে দিয়াছে তুলে ॥
গৌর-মহিমা তাহাতে আছয়। যেহেতু গৌরগণ দ্বারা তাহা হয় ॥
সচ্চিদানন্দ গৌরাঙ্গ হয়। এই কথা কভু অলীক নয় ।
সৎ সত্য নিত্য চিৎই জ্ঞান। আনন্দ সাত্বিক ভাবাদি হন ॥
শ্রীগৌরাঙ্গে চির ছিল যে এই। চিৎ ও আনন্দ যাঁহারে কই ॥
জ্ঞানেতে ছিলেন অতি প্রবীণ। আনন্দেতে পূর্ণ ছিলা নিশিদিন ॥
সচ্চিদানন্দের যেই লক্ষণ। গৌরাঙ্গে তাহার পূর্ণতারর্ণ ॥
এত কারণেও যদ্যপি কভু। গৌরাঙ্গসুন্দর না হন বিভু ॥
গীতার শ্লোকটী বলিব এবার। শ্রীভগবান যে হয়েন সবার ॥
"যে যথা মাং প্রপদ্যন্তে" এই শ্লোকটী বলিব অন্তে ।
গৌরাঙ্গ যদি স্থাবর রয়। তবুও ভক্তিতে ঈশ্বর হয় ॥
যেমন হবে ভাব তেমন লাভ। হয় না তাহার কভু অভাব ॥
আমার নিকটে গৌর ঈশ্বর। তুমি জান নাই তাঁহার দর ॥
বিদ্রূপ করিয়া বল মানুষ। মন তোমার নাই কিছুই হুঁস ॥
ঘট পট ইষ্ট হইতে পারে। গৌর ইষ্ট কেন হইতে নারে ॥
গৌরকে ঘৃণা করোনা ভাই। তাহাতে তোমার মঙ্গল নাই ॥
লক্ষ লক্ষ লোক তাঁহারে ভজে। রয়েছে তাঁহার নাম সেবা কাজে ॥
অতএব তিনি সামান্য নয়। উপহাসে দোষ হয় নিশ্চয় ॥

শাস্ত্রের প্রমাণ সব প্রক্ষিপ্ত। এ যদি বল মন হইয়া ক্ষুপ্ত ॥
তা'হলে আমার আছে উত্তর। বলিব তোমায় উত্তরোত্তর ॥
দেখিতে পার তাহা সব মিলাই। সব অমিল কভু পাইবে নাই ॥
প্রক্ষিপ্ত সবই হবে না ভাই। যদিও হয় কিছু ক্ষতি সে নাই
কতক ঠিক হ'লেও মানিতে বাধ্য। তা হ'লেও গৌর হবে আরাধ্য ॥
প্রক্ষিপ্তকারীও মহাপণ্ডিত। গৌর ভগবান বুঝেছে নিশ্চিত ॥
সত্য ব্যতীত পণ্ডিত মজে না। এ কথাও ভাই আছয়ে জানা ॥
এক জন নয় শত শত হন। এত সুধী মজাতে পারে কোন জন ॥
জান কথা, "ফলেন পরিচীয়তে"। হবে না এ কথা তোমায় শিথাতে
